# অনার্স প্রথম বর্ষ -২০১৬
## বাংলা উপন্যাস -১

ক. 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খন্ডের প্রথম পরিচ্ছেদের শিরোনাম কী?
উত্তর: উপন্যাসের প্রথম খন্ডের প্রথম পরিচ্ছেদের শিরোনাম সাগরসঙ্গমে।

খ. "আমার সঙ্গে আগমন কর।"—কে, কাকে বলেছিল?
উত্তর: কাপালিক নবকুমারকে এ কথাটি বলেছিল।

গ. মেহেরউন্নিসা কে?
উত্তর: মেহেরউন্নিসা সেলিমের প্রণয়িনী এবং কোষাধ্যক্ষ খাজাৎআয়াসের কন্যা।

ঘ. মীর মশাররফ হোসেনের ছদ্মনাম কী?
উত্তর: মীর মশাররফ হোসেনের ছদ্মনাম গাজী মিয়া।

ঙ. এজিদ পক্ষের শ্রেষ্ঠ যোদ্ধার নাম কী?
উত্তর: এজিদ পক্ষের শ্রেষ্ঠ যোদ্ধার নাম আবদুর রহমান।

চ. ইমাম হাসান বিষমিশ্রিত কটি খেজুর খেয়েছিলেন?
উত্তর: ইমাম হাসান বিষমিশ্রিত ৭টি খেজুর খেয়েছিলেন।

ছ. 'চোখের বালি' উপন্যাস প্রথম কত সালে প্রকাশিত হয়?
উত্তর: 'চোখের বালি' উপন্যাস প্রথম ১৯০৩ সালে প্রকাশিত হয়।

জ. অসুস্থ রাজলক্ষ্মী কাকে দেখতে চেয়েছে?
উত্তর: অসুস্থ রাজলক্ষ্মী বিহারীকে দেখতে চেয়েছে।

ঝ. মহেন্দ্র আশালতাকে কী নামে ডাকে?
উত্তর: মহেন্দ্র আশালতাকে চুনি নামে ডাকে।

ঞ. তাতীরীর হাসি কিসের প্রতীক?
উত্তর: তাতারীর হাসি স্বাধীনতার প্রতীক।

ট. দজলা কী?
উত্তর: দজলা ইরাকের একটি সুপ্রসিদ্ধ নদীর নাম।

ঠ. 'ক্রীতদাসের হাসি' উপন্যাসের শেষ বাক্যটি কী?
উত্তর: "আমিরুল মুমেনীন, হাসি মানুষের আত্মারই প্রতিধ্বনি।"

অনার্স প্রথম বর্ষ -২০১৭
বাংলা উপন্যাস -১

ক. কপালিকের গৃহটি কীসের দ্বারা নির্মিত?
উত্তর: কপালিকের গৃহটি কেয়া পাতা দ্বারা নির্মিত।

খ. মতিবিবির আসল নাম কী?
উত্তর: মতিবিবির আসল নাম পদ্মাবতী।

গ. কপালকুণ্ডলার পরিণতি কী হয়েছিল?
উত্তর: নবকুমারসহ গঙ্গায় ঝাঁপ দিয়ে সলিলসমাধি।

ঘ. এজিদের বিয়ের পয়গাম নিয়ে জয়নব ভবেন কে যায়?
উত্তর: এজিদের বিয়ের পয়গাম নিয়ে জয়নব ভবনে আসে মুয়াবিয়ার কাসেদ মোসলেম।

ঙ. মারিয়া অশীতিবর্ষীয়াকে বিয়ে করতে চাইলেন কেন?
উত্তর: মারিয়া অশীতিবর্ষীয়াকে সঙ্গে বিয়ে করতে চাইলেন, কারণ তাদের যেন কোন সন্তান না হয় ।

চ. প্রশ্ন: জায়েদার পরিণতি কী হয়েছিল?
উত্তর: বিশ্বাসঘাতকতার জন্য এজিদ জায়েদাকে রাজদরবারে সবার সামনে দ্বিখণ্ডিত করেছিল।

এ. প্রশ্ন: মহেন্দ্র কোন ভয়ে বিয়ে করতে চায়নি?
উত্তর: “বউ শেষে মাকে ছাড়িয়ে ওঠে “সেই ভয়ে মহেন্দ্র বিয়ে করতে চাননি।

জ. প্রশ্ন: বিনোদিনীর মায়ের নাম কী?
উত্তর: বিনোদিনীর মায়ের নাম হরিমতি।

ঝ. প্রশ্ন: ছাত্রাবাসে থাকাকালে মহেন্দ্র আশার পক্ষ থেকে ক’টা চিঠি পেয়েছিল?
উত্তর: ছাত্রাবাসে থাকাকালে মহেন্দ্র আশার পক্ষ থেকে তিনটি চিঠি পেয়েছিল।

ঞ.প্রশ্ন: 'জাহাকুল' আবদ শব্দের অর্থ কী?
উত্তর: 'জাহাকুল আবদ' শব্দের অর্থ গোলামের হাসি।

ট. প্রশ্ন: বেহেশতে গিয়েও মেহেরজান বেগমের বাদী থাকতে চায় কেন?
উত্তর: বেহেশতে গিয়েও মেহেরজান বেগমের বাদী থাকতে চায় কারণ জুবাইদা মেহেরজানকে তাতারীরর সাথে অভিসারে যাবার সব ব্যবস্থা করতো ।

ঠ.প্রশ্ন: তারারীর হাসি শুনে খলিফার হিংসা হয় কেন?
উত্তর: তারারীর হাসি শুনে খলিফার হিংসা হয় কারণ খলিফা অনেকদিন এমন মুক্তমনের হাসি হাসতে পারেননি।

অনার্স প্রথম বর্ষ -২০১৮
বাংলা উপন্যাস -১

ক. ‘কপালকুণ্ডলা’ শব্দের অর্থ কী?
উত্তর: ‘কপালকুণ্ডলা’ শব্দের অর্থ বিড়ম্বিত ভাগ্য।

খ. নবকুমারের প্রথম স্ত্রীর নাম কী?
উত্তর: নবকুমারের প্রথম স্ত্রীর নাম পদ্মাবতী (মতিবিবি)।

গ. ‘খোয়ারি’ শব্দের অর্থ কী?
উত্তর: ‘খোয়ারি’ শব্দের অর্থ তন্দ্রা।

ঘ. ‘বিষাদ-সিন্ধু’ কোন শ্রেণির উপন্যাস?
উত্তর: ‘বিষাদ-সিন্ধু’ ইতিহাস আশ্রিত, কল্পনা নির্ভর রোমান্টিক উপন্যাস।

ঙ. হালাকু খান কোন নগর ধ্বংস করেছিল?
উত্তর: হালাকু খান বাগদাদ নগর ধ্বংস করেছিল।

চ. “প্রণয় ছিল পরিণয় হইল, আর কি আশা?”—কে বলেছিল?
উত্তর: “প্রণয় ছিল পরিণয় হইল, আর কি আশা?” কাসেম সখিনাকে বলেছে।

ছ. বিনোদিনীর স্বামী কোন রোগে মারা যায়?
উত্তর: বিনোদিনীর স্বামী প্লীহা বা পান্‌ডুরোগে মারা যায়।

জ. রউফুনের পিতামহ কে?
উত্তর: রউফুনের পিতামহ ফরিদুদ্দীন জৌনপুরী।

ঝ. রাজলক্ষ্মী ও বিহারীর মধ্যে সম্পর্ক কী?
উত্তর: রাজলক্ষ্মী ও বিহারীর মধ্যে সম্পর্ক মা ও ছেলের মতো।

ঞ. কবি নওয়াসের মতে ‘কবি’ অর্থ কী?
উত্তর: কবি নওয়াসের মতে ‘কবি’ অর্থ “কবিমাত্রই রক্তবীজ বিবেকের নিষ্কাম সাধক।”

ট. ‘ক্রীতদাসের হাসি’ উপন্যাসের শেষ বাক্যটি লেখ।
উত্তর: ‘ক্রীতদাসের হাসি’ উপন্যাসের শেষ বাক্যটি “আমিরুল মুমেনীন, হাসি মানুষের আত্মারই প্রতিধ্বনি।”

ঠ. হাসির হাদিস বের করতে মশ্‌রুর খলিফার কাছে ক’দিন সময় নেয়?
উত্তর: হাসির হাদিস বের করতে মশ্‌রুর খলিফার কাছ থেকে দুই দিন সময় নেয়।

অনার্স প্রথম বর্ষ -২০১৯
বাংলা উপন্যাস -১

ক. মতিবিবি কে?
উত্তর: মতিবিবি নবকুমারের প্রথম স্ত্রী।

খ. ‘কপালকুণ্ডলা’ উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?
উত্তর: ‘কপালকুণ্ডলা’ উপন্যাসটি ১৮৬৬ সালে প্রকাশিত হয়।

গ. নবকুমারের গ্রামের নাম কী?
উত্তর: নবকুমারের গ্রামের নাম সপ্তগ্রাম।

ঘ. ‘বিষাদ-সিন্ধু’ শব্দটির অর্থ কী?
উত্তর: ‘বিষাদ-সিন্ধু’ শব্দটির অর্থ দুঃখের সমুদ্র।

ঙ. জয়নব কে?
উত্তর: জয়নব ইমাম হাসান (রা.) এর তৃতীয়া স্ত্রী।

চ. হাসানের মৃত্যু হয় কীভাবে?
উত্তর: হাসানের মৃত্যু হয় মহাবিষ হীরক চূর্ণ মিশ্রিত পানি পানে।

ছ. ‘চোখের বালি’ উপন্যাসে কে কার চোখের বালি?
উত্তর: ‘চোখের বালি’ উপন্যাসে বিনোদিনী আশালতার চোখের বালি।

জ. বিনোদিনী কত বছর বয়সে বিধবা হয়েছিল?
উত্তর: বিনোদিনী অল্প বয়সে বিধবা হয়েছিল।

ঝ. রাজলক্ষ্মী কে?
উত্তর: রাজলক্ষ্মী মহেন্দ্রর মা।

ঞ. ‘ক্রীতদাসের হাসি’ কী ধরনের উপন্যাস?
উত্তর: ‘ক্রীতদাসের হাসি’ নিরীক্ষাধর্মী ও রূপকাশ্রয়ী উপন্যাস।

ট. ‘ক্রীতদাসের হাসি’ উপন্যাসের ক্রীতদাস কে?
উত্তর: ‘ক্রীতদাসের হাসি’ উপন্যাসের ক্রীতদাস হাবশি গোলাম তাতারী।

ঠ. ‘জাহাকুল আবদ’ অর্থ কী?
উত্তর: ‘জাহাকুল আবদ’ অর্থ গোলামের হাসি।

অনার্স প্রথম বর্ষ -২০২০
বাংলা উপন্যাস -১

ক. ‘কপালকুণ্ডলা’ শব্দের অর্থ কী?
উত্তর: ‘কপালকুণ্ডলা’ শব্দের অর্থ বিড়ম্বিত ভাগ্য।

খ. কপালকুণ্ডলা নবকুমারকে দেখে প্রথমে কী কথা বলেছিল?
উত্তর: কপালকুণ্ডলা নবকুমারকে দেখে প্রথমে বলেছিল “পথিক তুমি পথ হারাইয়াছ।”

গ. “পুরুষের বাতাসে যোগিনীও গৃহিণী হইয়া যায়।”—উক্তিটি কার?
উত্তর: “পুরুষের বাতাসে যোগিনীও গৃহিণী হইয়া যায়।”—উক্তিটি কপালকুণ্ডলার ননদ শ্যামাসুন্দরীর।

ঘ. ‘বিষাদ-সিন্ধু’ গ্রন্থের কতটি প্রবাহ আছে?
উত্তর: ‘বিষাদ-সিন্ধু’ গ্রন্থে ৬১ টি প্রবাহ আছে।

ঙ. মারওয়ান কে?
উত্তর: মারওয়ান দামেস্কাধিপতি এজিদের প্রধান উজির।

চ. “প্রণয় ছিল, পরিণয় হইল, আর কী আশা?”—কে, কাকে বলেছিল?
উত্তর: “প্রণয় ছিল, পরিণয় হইল, আর কী আশা?”—সখিনা কাসেমকে বলেছিল।

ছ. বিনোদিনী বিহারীকে কী দিল?
উত্তর: বিনোদিনী বিহারীকে হাজার টাকার দু’খানি নোট দিল।

জ. “মন্দকে ভালবাসিয়া একটুখানি মন্দ হও।”—উক্তিটি কার?
উত্তর: “মন্দকে ভালবাসিয়া একটুখানি মন্দ হও।”—উক্তিটি বিনোদিনীর।

ঝ. মহেন্দ্র কোন ভয়ে বিয়ে করতে চায়নি?
উত্তর: “বউ পাছে মাকে ছাড়াইয়া উঠে”—এই ভয়ে মহেন্দ্র বিয়ে করতে চায়নি।

ঞ. তাতারীর হাসি কীসের প্রতীক?
উত্তর: তাতারীর হাসি স্বাধীনতার প্রতীক।

ট. কে শুধু মৃত্যুর কথা বলে?
উত্তর: আবুল আতাহিয়া শুধু মৃত্যুর কথা বলে।

ঠ. “হাসি মানুষের আত্মারই প্রতিধ্বনি।”—কার উক্তি?
উত্তর: “হাসি মানুষের আত্মারই প্রতিধ্বনি।” কবি আবু নওয়াসের উক্তি।

অনার্স প্রথম বর্ষ -২০১১
বাংলা উপন্যাস -১

ক. নবকুমারের নিবাস কোথায়?
উত্তর: নবকুমারের নিবাস সপ্তগ্রাম।

খ. 'কপালকুণ্ডলা' উপন্যাসে কয়টি পরিচ্ছেদ আছে?
উত্তর: 'কপালকুণ্ডলা' উপন্যাসে ১ম খন্ডে ৯টি  পরিচ্ছেদ ২য় খণ্ডে ৬টা পরিচ্ছেদ, ৩য় খন্ডে ৭ টি পরিচ্ছেদএবং ৪ থ খন্ডে ৯টি পরিচ্ছেদ আছে ।

গ. কপালকুণ্ডলাকে নবকুমার কী নামে ডাকত?
উত্তর: নবকুমার কপালকুণ্ডলাকে মৃন্ময়ী  নামে ডাকত।

ঘ. জায়নাল আবেদীন কে?
উত্তর: জায়নাল আবেদীন ছিলেন হযরত ইমাম হুসেন (রা.)-এর কনিষ্ঠ পুত্র ।

ঙ. জয়নাবের স্বামীর নাম কী ছিল?
উত্তর: জয়নাবের স্বামীর নাম ছিল আব্দুল জব্বার।

চ. “যার দুই-তিনটি স্ত্রী তার প্রাণ বধ করিতে কতক্ষণ লাগে?”—কথাটি কে বলেছিলেন?
উত্তর: কথাটি মায়মুনা বলেছিলেন।

ছ. আশালতার বাবার নাম কী?
উত্তর: আশালতার বাবার নাম অপূর্ব।

জ. “আমি থাকিলে কী আর না থাকিলে কী?”—কে, কাকে এ কথা বলেছিলেন?
উত্তর: বিনোদিনী এ কথা বিহারীকে বলেছিলেন।

ঝ. “আমি সত্যই বলিয়াছি তোমাকে আমি বিবাহ করিব”—কে, কাকে বলেছেন?
উত্তর: বিনোদিনী বিহারীকে এই কথা বলেছিলেন।

ঞ. ‘ক্রীতদাসের হাসি’ উপন্যাসটি কত সালে প্রকাশিত?
উত্তর: ‘ক্রীতদাসের হাসি’ উপন্যাসটি ১৯৬২ সালে প্রকাশিত হয়।

ট. খলিফা হারুনুর রশিদের সহধর্মিনীর নাম কী?
উত্তর: খলিফা হারুনুর রশিদের সহধর্মিনীর নাম বেগম জুবাইদা।

ঠ. কবি নওয়াসের মতে 'কবি' অর্থ কী?
উত্তর: কবি নওয়াসের  মতে, "কবিমাত্রই  যে রক্তবীজ বিবেকের নিষ্কাম সাধক।

অনার্স প্রথম বর্ষ -২০২২
বাংলা উপন্যাস -১

ক. 'কপালকুণ্ডলা' শব্দটির অর্থ কী?
উত্তর: 'কপালকুণ্ডলা' শব্দটির অর্থ বিড়ম্বিত ভাগ্য।

খ. 'কপালকুণ্ডলা' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?
উত্তর: 'কপালকুণ্ডলা' উপন্যাসটি ১৮৬৬ সালে প্রকাশিত হয়।

গ. কাপালিকের গৃহটি কীসের দ্বারা নির্মিত?
উত্তর: কাপালিকের গৃহটি কেয়াপাতা দিয়ে নির্মিত।

ঘ. মীর মশাররফ হোসেনের ছদ্মনাম কী?
উত্তর: মীর মশাররফ হোসেনের ছদ্মনাম গাজী মিয়া।

ঙ. 'বিষাদ-সিন্ধু' কোন শ্রেণির উপন্যাস?
উত্তর: 'বিষাদ-সিন্ধু' ইতিহাস-আশ্রিত কল্পনানির্ভর রোমান্টিক উপন্যাস।

চ. "প্রণয় ছিল পরিণয় হইল, আর কি আশা?"—কে বলেছিলেন?
উত্তর: কথাটি সাখিনা  কাসেমকে কারবালার প্রান্তরে বিদায়ের ক্ষণে বলেছিলেন।

ছ. "লেখাপড়া একটা ছুতা মাত্র"—এ উক্তির অর্থ কী?
উত্তর: এ উক্তির অর্থ হলো কোনো কিছুর বাহানা করে স্বীয় স্বার্থ হাসিল করা।

জ. বিনোদিনী শেষ পর্যন্ত কোথায় গেল?
উত্তর: বিনোদিনী শেষ পর্যন্ত কাশী চলে গেল।

ঝ. "মন্দকে ভালোবাসিয়া একটুখানি মন্দ হও"—উক্তিটি কার?
উত্তর: উক্তিটি বিনোদিনী।

ঞ. কে শুধু মৃত্যুর কথা বলে?
উত্তর: আবুল আতাহিয়া শুধু মৃত্যুর কথা বলে।

ট. তাতারী কোন দেশীয় গোলাম?
উত্তর: তাতারী হাবসী গোলাম।

ঠ. "সত্য তিক্ত পদার্থ"—কার উক্তি?
উত্তর: এটি কবি নওয়াসের উক্তি।

অনার্স প্রথম বর্ষ -২০২৩
বাংলা উপন্যাস -১

ক. 'কপালকুণ্ডলা' উপন্যাসে 'পেতভূমে' কোন খণ্ডের কোন পরিচ্ছেদের নাম?
উত্তর: 'কপালকুণ্ডলা' উপন্যাসের শেষ পরিচ্ছেদের নাম 'পেতভূমে'

খ. কপালকুণ্ডলার শেষ পরিণতি কী হল?
উত্তর: কপালকুণ্ডলা নবকুমারসহ গঙ্গা ঝাঁপ দিয়ে সলিল সমাধি গ্রহণ করে।

গ. “তিনি কি অদ্বিতীয় রূপসী?”—কে, কার সম্পর্কে বলেছে?
উত্তর: মতিবিবি কপালকুণ্ডলার সম্পর্কে বলেছে।

ঘ. 'কাসেম' শব্দের অর্থ কী?
উত্তর: 'কাসেম' শব্দের অর্থ হলো রাজপত্রবাহক দূত বা সভ্য বিচক্ষণ ব্যক্তি।

ঙ. জাএদা বিষের পুটুলী খুলে সোরাহীর মুখে কী ঢাললেন?
উত্তর: জাএদা বিষের পুটুলী খুলে সোরাহীর মুখে হীরকচূর্ণ ঢাললেন ।

চ. “আমি দামেস্কের রাজপুত্র”—কে দামেস্কের রাজপুত্র?
উত্তর: এজিদ দামেস্কের রাজপুত্র।

ছ. 'চোখের বালি' উপন্যাসের ইংরেজি অনুবাদ কে করেন?
উত্তর: রবীন্দ্রনাথের ভাইপো সুরেন্দ্রনাথ ঠাকুর।

জ. “আমাকে তোমার চরণাশ্রয়ের যোগ্য করিয়া লও।”—উক্তিটি কার?
উত্তর: উক্তিটি আশালতার।

ঝ. আশালতার পিতার নাম কী?
উত্তর: আশালতার পিতার নাম অপূর্ব।

ঞ. মেহেরজান কোন বেগমের বাদী?
উত্তর: মেহেরজান বেগম জুবায়দার বাদী।

ট. 'ক্রীতদাসের হাসি' উপন্যাসের শেষ বাক্যটি কী?
উত্তর: 'ক্রীতদাসের হাসি' উপন্যাসের শেষ বাক্যটি হলো: "আমিয়মুমিন, হাসি মানুষের আত্মার প্রতিধ্বনি।”